দৈনিক খবর

বাংলাদেশ শিল্পকলা তথ্য ও গবেষণা
ডকুমেন্টেশন
কেন্দ্র
ঢাকা

তারিখ ... 19 JUN 1989
পৃষ্ঠা ... 1 কলাম 3 ...

016

# ওসমানী উদ্যানস্থ উচ্চ বিদ্যালয়টির উচ্ছেদের বিরুদ্ধে সমাবেশ


।। স্টাফ রিপোর্টার ।।

বিকল্প ব্যবস্থা না করে ওসমানী উদ্যানস্থ রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয় উচ্ছেদ করার জন্য পূর্ত মন্ত্রণালয়ের দেয়া অকশন নোটিশ বাতিলের দাবীতে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারীরা গতকাল সমাবেশ, মিছিল ও সচিবালয়ের সামনে অবস্থান ধর্মঘট পালন করেছে। মিছিলকারীরা এ দাবী পূরণের লক্ষ্যে রাষ্ট্রপতির সচিবালয়ে স্মারকলিপি প্রদান করেছে।

স্মারকলিপিতে বলা হয়, বিদ্যালয়টি স্থানান্তরের ব্যবস্থা গ্রহণে বিলম্ব হওয়ায় রাষ্ট্রপতির নিকট আবেদন জানানো হয়। রাষ্ট্রপতির সচিবালয় থেকে সে ব্যাপারে যথারীতি শিক্ষা মন্ত্রণালয়কে বলা হয় এবং শিক্ষা সচিব ও নগর পুলিশ ভবনের পশ্চিম পার্শ্বের খালি জায়গায় বিদ্যালয়ের জন্য জায়গায় বরাদ্দের ব্যবস্থা করতে বলা হয়। কিন্তু পূর্ত মন্ত্রণালয় সচিবালয়ের আদেশ ও আন্তঃমন্ত্রণালয়ের সিদ্ধান্ত কার্যকর করেনি। বরং বিদ্যালয়টি বিক্রির জন্য অকশন দেয়া হয়। এ ব্যাপারে স্মারকলিপিতে রাষ্ট্রপতির দৃষ্টি আকর্ষণ করাহয়েছে।

সচিবালয়ের সামনে অবস্থান ধর্মঘটের সময় বিদ্যালয় উচ্ছেদ প্রতিরোধ কমিটির

শেষ পৃষ্ঠায় ১ম কলামে



রমনা রেলওয়ে বিদ্যালয়ের উচ্ছেদের প্রতিবাদে গতকাল রোববার ওই স্কুলের ছাত্র-ছাত্রীরা একটি মিছিল করে প্রেসিডেন্ট সচিবালয়ে স্মারকলিপি পেশ করে -খবর

## ওসমানী উদ্যানস্থ

প্রথম পৃষ্ঠার পর

নেতৃবৃন্দ বিদ্যালয়টি গণপূর্ত বিভাগের নিকট হস্তান্তরের নিন্দা করে বলা হয়, বাহাদুর শাহ পার্কের পার্শ্বে মুসলিম হাই স্কুলে ক্লাস করার বিকল্প ব্যবস্থা করা হয়েছে। কিন্তু মুসলিম হাই স্কুলের ছাত্ররা বিষয়টিকে স্বাভাবিকভাবে নেয়নি। তারা প্রতিরোধের প্রস্তুতি নিচ্ছে, যাতে বাইরের ছাত্ররা সেখানে যাতে ক্লাস করতে না পারে। অন্যদিকে মুসলিম হাই স্কুলের প্রধান শিক্ষক এক পত্রে রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষককে জানিয়েছেন, 'আমার স্কুল গুদাম ঘর নয়।' ছাত্রদের অভিভাবক ও স্থানীয় জনসাধারণ অন্য স্কুল তাদের এলাকায় পুনর্বাসিত করতে নারাজ এবং স্কুলের কোন আসবাবপত্র, বিজ্ঞানাগারের যন্ত্রপাতি এমনকি শিক্ষকদের বসার জায়গাও ছেড়ে দেয়া সম্ভব হবে না।। তারা পুলিশ ভবনের পশ্চিম পার্শ্বের খালি জায়গায় বিদ্যালয়টি স্থানান্তর ও পুনর্নির্মাণেরদাবীকরেছেন।